# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৭১০

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির দাফনের বর্ণনা

### আরবী

وَعَن جَابر قَالَ: رُشَّ قَبْرُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ الَّذِي رَشَّ الْمَاءَ عَلَى قَبْرِهِ بِلَالُ بْنُ رَبَاحٍ بِقِرْبَةٍ بَدَأَ مِنْ قِبَلِ رَأْسِهِ حَتَّى انْتَهَى إِلَى رِجْلَيْهِ. رَوَاهُ الْبَيْهَقِيُّ. فِي دَلَائِل النُّبُوَّة

### বাংলা

১৭১০-[১৮] জাবির ইবনু ’আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কবরের উপর পানি ছিটিয়ে দেয়া হয়েছিল। তাঁর কবরে বিলাল ইবনু রাবাহ (রাঃ)পানি ছিটিয়ে দিয়েছিলেন। তিনি মশক দিয়ে তাঁর মাথা থেকে আরম্ভ করে পা পর্যন্ত পানি ছিটিয়ে দেন। (বায়হাক্বী- দালায়িলুল নুবুওয়াহ্)[1]

### ফুটনোট

[1] মাওযূ‘ : বায়হাক্বী ৬৫৩৪, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬৭৪৩, শারহুস্ সুন্নাহ্ ১৫১৫। শায়খ আলবানী (রহঃ) ‘ইরওয়া’ তে বলেছেন, এর সানাদে ওয়াক্বিদী একজন মিথ্যার অপবাদপ্রাপ্ত রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীস দ্বারা প্রতীয়মান হয় যে, মৃত ব্যক্তির ক্ববরে পানি ছিটানো জায়েয। বিলাল ইবনু রাবাহ (রাঃ) রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ক্ববরে পানি ছিটিয়ে দিয়েছিলেন। এর উদ্দেশ্য সম্পর্কে আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, সম্ভবত এর দ্বারা ক্ববরের উপর আল্লাহর রহমাত ও তার ক্ষমা অবতরণের আশা করা হয়। যেমনিভাবে দু‘আয় বলা হয়, اَللّهُمَّ اغْسِلْ خَطَايَاهُ بِالْمَاءِ অর্থাৎ হে আল্লাহ! তার গুনাহসমূহ পানি দ্বারা ধৌত করে দাও। অর্থাৎ দূর করে দাও, ক্ষমা করে দাও।

আর বিলাল ইবনু রাবাহ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মাথা হতে আরম্ভ করে পায়ের শেষ পর্যন্ত পানি ছিটিয়ে দিলেন। ক্ববরে পানি ছিটিয়ে দেয়ার ব্যাপারে উল্লেখিত হাদীসটি শার‘ঈ দলীল। আর এটা ইমাম শাফি‘ঈ, ইমাম আহমাদ ও ইমাম আবূ হানীফাহ্ (রহঃ)-এর মত।

এ হাদীসটি ইমাম বায়হাক্বী তার ‘‘দলায়িলুল নবূওয়াত’’ কিতাবে বর্ণনা করেছেন। বায়হাক্বীতে মুরসাল সূত্রে বর্ণিত আছে যে, ক্ববরে পানি ছিটিয়ে দেয়ার প্রচলন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে বিদ্যমান ছিল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56270

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন